গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আইন শাখা।
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ের উন্নয়ন

নং-৪৭.০০.০০০০.০৪৪.০৪.০৩.২০-৪৩

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৭
০৮ মার্চ, ২০২১

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্যানেল আইনজীবি নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগ এবং দেওয়ানী আদালতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/বোর্ড/একাডেমি/ফাউন্ডেশন/প্রকল্প-এর মামলাসমূহ সরকারি স্বার্থ রক্ষার্থে যথাযথভাবে পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করার জন্য ০২ জন প্যানেল আইনজীবি নিয়োগের লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| | |
|---|---|
| ১। | আবেদনকারীর নাম, পিতা/স্বামী/মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত। |
| ২। | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে। |
| ৩। | আবেদনের সাথে সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি দিতে হবে। |
| ৪। | আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি ও এলএলবিসহ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি দিতে হবে। |
| ৫। | বাংলাদেশ বার কাউন্সিল এর সদস্য/পেশাগত সনদ এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দিতে হবে। |
| ৬। | বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আইনজীবি হিসেবে ৭ (সাত) বৎসর, তন্মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৫(পাঁচ) এবং আপীল বিভাগে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। একইসাথে এককভাবে/যৌথভাবে কমপক্ষে ৫০(পঞ্চাশ) টি মামলা পরিচালনা ও নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭। | আবেদনের সাথে মামলার ধরণ অনুযায়ী খরচের/সম্মানীর বিস্তারিত হার আলাদাভাবে উল্লেখ করতে হবে। |
| ৮। | অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে। |
| ৯। | ০১ মার্চ ২০২১ তারিখে আবেদনকারীর বয়স ৬০ (ষাট) বৎসরের অধিক হতে পারবে না। |
| ১০। | আইনজীবী নিয়োগ ২ (দুই) বৎসরের জন্য হবে। |
| ১১। | কোন আইনজীবী অব্যাহতি নিতে চাইলে সে ক্ষেত্রে ৬০ (ষাট) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে। |
| ১২। | আগামী ৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে অতিঃ সচিব (আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ভবন নম্বর-৭, কক্ষ নম্বর- ২০২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে। |
| ১৩। | কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

08.03.2021

(চন্দন কুমার দে)
অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ